

দুখের কথা তোমায় বলিব না, দুখ ভুলেছি ও করপরশে ।  
 যা-কিছু দিয়েছ তাই পেয়ে, নাথ, সুখে আছি, আছি হরষে ॥  
 আনন্দ-আলয় এ মধুর ভব, হেথা আমি আছি এ কী স্নেহ তব-  
 তোমার চন্দ্রমা তোমার তপন মধুর কিরণ বরষে ॥  
 কত নব হাসি ফুটে ফুলবনে প্রতিদিন নবপ্রভাতে ।  
 প্রতিনিশি কত গ্রহ কত তারা তোমার নীরব সভাতে ।  
 জননীর স্নেহ সুহৃদের প্রীতি শত ধারে সুধা ঢালে নিতি নিতি,  
 জগতের প্রেমমধুরমাধুরী ডুবায় অমৃতসরসে ॥  
 ক্ষুদ্র মোরা তবু না জানি মরণ, দিয়েছ তোমার অভয় শরণ,  
 শোক তাপ সব হয় হে হরণ তোমার চরণদরশে ।  
 প্রতিদিন যেন বাড়ে ভালোবাসা, প্রতিদিন মিটে প্রাণের পিপাসা-  
 পাই নব প্রাণ- জাগে নব আশা নব নব নব-বরষে ॥

---

Parjaay: Puja O Prarthana, Taal: Ektaal, Raag: Goursarang  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail